

2 0 1 4

BENGALI

(Major)

Paper : 1.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

(ক) কত বছর বয়সে কালকেতুর কর্ণবেধ অনুষ্ঠান সম্পন্ন হয়েছিল ?

(খ) ফুল্লরার মায়ের নাম কী ?

(গ) মেনকা ও হিমালয়ের কাছে কে শিববিবাহের সম্বন্ধ নিয়ে গিয়েছিলেন ?

(ঘ) “দেখিয়া সকল লোক মশাল নিবায়

শিবভালে চাঁদ অগ্নি আলো করে তায়।”

‘অন্নদামঙ্গল’ কাব্যের কোন্ অংশে এই বর্ণনা আছে ?

(১) শিববিবাহ যাত্রা

(২) শিববিবাহ

(৩) কোন্দল ও শিবনিন্দা

(৪) রতিবিলাপ

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

- (ঙ) “ওরে বুড়া আঁটকুড়া নারদা অল্পেয়ে”
নিম্নরেখ শব্দের অর্থ লেখো।
- (চ) কীসের বদলে ফুল্লরা ‘দধি এক হাঁড়ি’ এনেছিল?
- (ছ) “শুণে ধরি আছাড়িয়া মারে —।
দন্ত উপাড়িয়া বীর আনে ভারে ভারে ॥”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (জ) কাশীতে অন্নপূর্ণার মন্দির কে নির্মাণ করেছিলেন?
- (ঝ) “নাহি শুনি শিক্ষা কাড়া না পাই বীরের সাড়া
হেতু কিছু আছেয়ে গগনে।”

কে একথা ভাবছেন?

- (ঞ) “হর আদি আর যত ভোগের গোসাই।
মোক্ষদাতা হরি বিনা আর কেহ নাই ॥”

বক্তা কে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- (ক) “না মার না মার বীরে নির্দয় কোটাল।”
বক্তা কে? তিনি কাকে ‘বীর’ বলছেন?
- (খ) “বেদেতে মহিমা তব পরম নিগূঢ়।
সেই বেদ পড়ি মোর পতি হৈল মুঢ় ॥”

বক্তা কে? ‘পতি’ বলতে কার কথা বলা হয়েছে?

- (গ) “শান্তনুরে করি সারা হয়েছ শিবের দারা
তোমা সমা পুণ্যবতী কেটা।”
এখানে কে, কাকে পুণ্যবতী বলছেন?
- (ঘ) “ধর্মকেতু ভায়া সনে কৈলু লেনা-দেনা।
তাহা হইতে ভাইপো হয়্যাছ সেয়ানা ॥”
এখানে কে, কাকে ‘ভাইপো’ সম্বোধন করেছেন?
- (ঙ) “ব্যাসে অন্ন দিয়া আসি ঘরে রসি থাক।”
বক্তা কে? কাকে তিনি একথা বলেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো দুটি) : $৫ \times ২ = ১০$

- (ক) ‘কালকেতুর বিবাহের অনুবন্ধ’ অংশে বর্ণিত ঘটনাবলির বিবরণ দাও।
- (খ) কলিঙ্গরাজ-সেনার সঙ্গে ‘কালকেতুর যুদ্ধ’-এর বিবরণ সংক্ষেপে আলোচনা করো।
- (গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“বিষকণ্ঠ মোর স্বামী সহিতে না পারি আমি
পঞ্চমুখে মোরে দেয় গালি।
একে সতীনের ছালা কত সহে অবলা
পরিতাপে হয়্যা গেনু কালী ॥”

(চণ্ডীর পরিচয় দান)

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো দুটি) : $৫ \times ২ = ১০$

- (ক) স্বামীহারা রতি অগ্নিকুণ্ডে ছালিয়ে সতী হতে গেলে কী আকাশবাণী শোনা গিয়েছিল তা 'রতির প্রতি দৈববাণী' অবলম্বনে লেখো।
- (খ) কাশীতে শিবের ভিক্ষাবারণের কারণ ও তার ফলশ্রুতি বিষয়ে সংক্ষেপে লেখো।
- (গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“সহজে সবার বিকট আকার
সহিতে না পারে আলো।
থাবায় থাবায় মশাল নিবায়
আন্ধারে শোভিল ভালো ॥”

(শিববিবাহ যাত্রা)

৫। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো দুটি) : $১০ \times ২ = ২০$

- (ক) ভারতচন্দ্র “যে কাব্য রচনা করেছেন, তাতে একদিকে আছে আধুনিকতার প্রথমভাষ, অন্যদিকে আছে মধ্যযুগীয় কবি-স্বভাবের তাৎপর্যপূর্ণ অবশেষ।” ‘অন্নদামঙ্গল’ কাব্যের পাঠ্য অংশ থেকে অন্তত দুটি উদাহরণ দিয়ে সমালোচকের মন্তব্যটি বিশ্লেষণ করো।
- (খ) “নাগরিক বৈদম্ব্যপূর্ণ দৃষ্টিভঙ্গীর জন্যই ভারতচন্দ্রের কাব্যের প্রায় সমস্ত পংক্তিতেই জড়িয়ে আছে জীবনসমালোচনার মনোভাব।” ‘অন্নদামঙ্গল’ কাব্যের পাঠ্য অংশ থেকে উপযুক্ত উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও।

(গ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ব্যাসদেব চরিত্রটি আলোচনা করো।

(ঘ) “উপযুক্ত পরিস্থিতিতে উপযুক্ত শব্দ ব্যবহারের যে ক্লাসিক গুণ, ভারতচন্দ্রের পরিচ্ছন্ন ও বিদ্যাপরিশীলিত কবিচেতনায় তা পূর্ণমাত্রায় বিকাশ লাভ করেছিল।” ‘অন্নদামঙ্গল’ কাব্যের পাঠ্য অংশ থেকে অন্তত পাঁচটি উদ্ধৃতি দিয়ে ভারতচন্দ্রের উল্লিখিত কবিচেতনার পরিচয় দাও।

৬। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো দুটি) : $১০ \times ২ = ২০$

(ক) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের অন্তর্গত কালকেতু-স্বর্ণগোধিকা বৃত্তান্তের বিবরণ দাও।

(খ) “কালকেতুর পশুশিকার-কাহিনীকে উপলক্ষ্য করিয়া মুকুন্দরামের কাব্যরস, হাস্যরসিকতা ও রূপকের আরোপ-দক্ষতা যেন উদ্বেল হইয়া উঠিয়াছে।” ‘কবিকঙ্কণ চণ্ডী’র নির্দিষ্ট অংশ অবলম্বনে সমালোচকের উক্তিটি বিশ্লেষণ করো।

(গ) “যে-সমস্ত বিভিন্ন জাতি ও ব্যবসায়বৃত্তির প্রতিনিধি এই নূতন শহরে বাস করিতে আসিল, তাহাদের মাধ্যমে ষোড়শ শতকের বাঙ্গালা-সমাজবিন্যাসের একটা অতি তথ্যসমৃদ্ধ ও চিত্তাকর্ষক ছবি পাওয়া যায়।” ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের অন্তর্গত ‘গুজরাট নগর পতন’ অংশ অবলম্বনে সমালোচকের মন্তব্যটি আলোচনা করো।

(ঘ) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের কাহিনিধারায় ভাঁড়ুদত্ত ও মুরারিশীল চরিত্র দুটির অবস্থান ও কার্যকলাপের বর্ণনা দাও।
